

## 🔳 আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصيَص

আয়াতঃ ২৮ : ৩৯

## 💵 আরবি মূল আয়াত:

## وَ استَكبَرَ هُوَ وَ جُنُودُهُ فِى الأرضِ بِغَيرِ الحَقِّ وَ ظَنُّوا آنَّهُم اِلَينَا لَا يُرجَعُونَ ﴿٣٩﴾

## 

আর ফির'আউন ও তার সেনাবাহিনী অন্যায়ভাবে যমীনে অহঙ্কার করেছিল এবং তারা মনে করেছিল যে, তাদেরকে আমার নিকট ফিরিয়ে আনা হবে না। — আল-বায়ান

ফেরাউন ও তার বাহিনী অকারণে পৃথিবীতে অহংকার করেছিল আর তারা ভেবেছিল যে, তাদেরকে আমার কাছে ফিরিয়ে আনা হবে না। — তাইসিকল

ফির'আউন ও তার বাহিনী অন্যায়ভাবে পৃথিবীতে অহংকার করেছিল যে, তারা আমার নিকট প্রত্যাবর্তিত হবেনা।

— মুজিবুর রহমান

And he was arrogant, he and his soldiers, in the land, without right, and they thought that they would not be returned to Us. — Sahih International

৩৯. আর ফিরআউন ও তার বাহিনী অন্যায়ভাবে যমীনে অহংকার করেছিল এবং তারা মনে করেছিল যে, তাদেরকে আমাদের নিকট ফিরিয়ে আনা হবে না।

তাফসীরে জাকারিয়া

- (৩৯) ফিরআউন ও তার বাহিনী অন্যায়ভাবে পৃথিবীতে অহংকার করেছিল[1] এবং ওরা মনে করেছিল যে, ওরা আমার নিকট প্রত্যাবর্তিত হবে না ।
  - [1] এখানে পৃথিবী, যমীন বা দেশ বলতে 'মিসর'কে বুঝানো হয়েছে, যেখানে ফিরআউন রাজত্ব করত। অহংকার অর্থ, অকারণে নাহক নিজেকে বড় মনে করা। অর্থাৎ তার নিকট কোন প্রমাণ ছিল না যার দ্বারা মূসা (আঃ)-এর প্রমাণ ও মু'জিযাকে প্রত্যাখ্যান করতে পারত। কিন্তু সে অহংকার ও শক্রতাবশতঃ অস্বীকার করার রাস্তা অবলম্বন করল।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3291

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন